# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৫১: রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যেহেতু কিয়ামতের দিন শাফা‘আত করবেন, সেহেতু তাঁর কাছে কি শাফা‘আত চাওয়া যাবে?

সমস্ত শাফা‘আত আল্লাহ্‌র একক মালিকানায়। মহান আল্লাহ বলেন,

﴿ قُل لِّلَّهِ ٱلشَّفَٰعَةُ جَمِيعًاۖ ﴾ [الزمر: ٤٤]

“বলুন, সমস্ত সুপারিশ আল্লাহরই ক্ষমতাধীন” (যুমার ৪৪)। অতএব, রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশ “যখন চাইবে, তখন আল্লাহ্‌র কাছেই চাইবে” পালন করতে হলে আল্লাহ্‌র কাছেই শাফা'আত চাইতে হবে। সেজন্য আমাদের এভাবে প্রার্থনা করা উচিৎ যে, হে আল্লাহ! কিয়ামত দিবসে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যাদের জন্য শাফা'আত করবেন, আমাকে আপনি তাদের অন্তর্ভুক্ত করে দিন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1536

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন